গাংনীতে পুলিশের অভিযানে

গ্রেফতার ৩

গাংনীতে পুলিশের অভিযানে গত ২৪ ঘণ্টায় বিভিন্ন মামলায় তিনজনকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল থেকে আজ শনিবার ভোর পর্যন্ত গাংনীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, কাজীপুর (খন্দকারপাড়া) এলাকার মো. জিয়ারত আলী, ভবানীপুরের মো. আলী হোসেনের ছেলে মো. রায়হান কবির, এবং রায়পুর মধ্যপাড়ার মৃ. হাজারী বিশ্বাসের ছেলে মো. ফুরাত আলী ওরফে ফরহাদ হোসেন।

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

এবারের কোরবানির চমক মেহেরপুরের ‘কালামানিক’

আসন্ন কোরবানির ঈদকে সামনে রেখে বিশাল আকৃতির একটি গরু প্রস্তুত করা হয়েছে মেহেরপুরের গাংনী উপজেলার মোহাম্মদপুর গ্রামে। নজরকাড়া ফ্রিজিয়ান জাতের গরুটির ওজন ২১/২২ মণ। দুই বছর ধরে গরুটিকে নিজের সন্তানের মতো লালন-পালন করেছেন ওই গ্রামের পূর্বপাড়ার শাহারুল ইসলাম। দেখতে কুচকুচে কালো এবং বড় হওয়ায় গরুটির নাম রেখেছেন ‘কালামানিক’।

দিন-রাত ২৪ ঘণ্টা কালামানিকের ঘরে চলে ফ্যান। গোসল করানো হয় দিনে দুই-তিন বার। কালামানিকের নিয়মিত খাবারে মধ্যে রয়েছে খৈল, কাঁচা ঘাস, বিচালি, ভুট্টার ময়দা, চালের কুড়া। পরম যত্নে পালিত কালামানিক জেলার সবচেয়ে বড় গরু বলে দাবি শাহারুল ইসলামের। ১৮ লাখ টাকা দাম উঠলেও তিনি গরুটির দাম হাঁকছেন ২৫ লাখ টাকা।

শাহারুল ইসলাম বলেন, জেলার মধ্যে বড় গরু কালামানিক। দুই বছর ধরে গরুটিকে পালন করছি। কেমিক্যাল জাতীয় খাবার না খাইয়ে আমি ভুসি, গমের ছাল, কাঁচা ঘাস, বিচালি খাওয়াই। খাবারের দাম অনেক বেশি। তাই কোরবানির ঈদ উপলক্ষ্যে গরুটি বিক্রি করে একটু লাভের আশা করছি। এতো বড় গরু একা পালন করা সম্ভব হয় না । তাই স্ত্রী ও ছেলে সব সময় আমাকে সহযোগিতা করে। প্রাণিসম্পদ অফিসও আমাকে সহায়তা ও বিভিন্ন পরামর্শ দেয়।

এদিকে কালামানিককে খাওয়ানো, গোসল করা থেকে শুরু করে পরম আদর যত্ন করেন শাহারুলের ছেলে সামিউল। আর এ কারণেই তাদের মধ্যে গড়ে উঠেছে মধুর সম্পর্ক।

সামিউল বলে, বাইরের কেউ গরুর কাছে গেলে রেগে যায়। তবে আমি গেলে শান্ত হয়ে যায়।
নিজের সন্তানের মতো যত্নে বড় করা কালামানিককে আসন্ন কোরবানিতে ২৫ লাখ টাকায় বিক্রি করতে চান শাহারুলের স্ত্রী বিলকিস খাতুন। তিনি বলেন, স্বামী বাইরে কাজে গেলে আমি কালামানিককে দেখাশোনা করি।

শাহারুলের ভাই জিনারুল বলেন, বড় ভাই দুই বছর ধরে যত্ন করে গরুটিকে বড় করেছেন। ঈদকে কেন্দ্র করে অনেকেই গরুটিকে দেখত আসছে। অনেকে আশানুরুপ দাম বলেছে। আমিও এমন একটি গরু এবার পালন করতে চাই।

প্রতিবেশী দুলাল মিয়া বলেন, কোনো ধরনের ক্ষতিকারক বা হরমোন জাতীয় ওষুধ ব্যবহার না করে দেশীয় খাবার বিচালি, চালের কুড়া, খৈল, কাঁচা ঘাস খাইয়ে শাহারুল গরু লালন-পালন করেছেন। কোরবানি ঈদে দাম ভালো পেলে এলাকার অনেকেই কালামানিকের মতো এমন গরু পালন করতে চান।

মেহেরপুর প্রাণিসম্পদ বিভাগের কর্মকর্তা ডা. সুব্রত কুমার ব্যানার্জী বলেন, কোরবানির ঈদ উপলক্ষ্যে শাহারুল যে গরুটি লালন-পালন করেছেন তা জেলার মধ্যে অন্যতম একটি বড় গরু। বাণিজ্যিক ও প্রান্তিক খামারিদের সার্বিক পরামর্শ দেওয়ার পাশাপাশি বিভিন্ন সহযোগিতা করা হচ্ছে।

জেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্যমতে, এ বছর জেলায় ২৬ হাজার ৪৭টি খামারে মোট ১ লাখ ৭১ হাজার ৭৫৩টি কোরবানিযোগ্য পশু প্রস্তুত করা হয়েছে। এর মধ্যে ৫৩ হাজার ২৯৭টি গরু, ১ লাখ ১৫ হাজার ছাগল, ২

হাজার ৬৯৪টি ভেড়া এবং ৭৬২টি মহিষ রয়েছে।

গাংনীতে জুমার নামাজের সময় ৪টি মোটরসাইকেল চুরি, এলাকায় চাঞ্চল্য

মেহেরপুরের গাংনী উপজেলায় জুমার নামাজের সময় দুটি মসজিদের প্রাঙ্গণ থেকে ৪টি মোটরসাইকেল চুরির ঘটনা ঘটেছে।

শুক্রবার (১৬ মে) দুপুরে উপজেলার শহরের সন্ধানী স্কুলপাড়া ও উত্তরপাড়ার দুটি মসজিদে এই চুরির ঘটনা ঘটে। মুসল্লিরা নামাজ আদায়ে মসজিদে অবস্থানকালে দুর্বৃত্তরা এই সুযোগে মোটরসাইকেলগুলো নিয়ে পালিয়ে যায়।

প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগীরা জানান, প্রতিদিনের মতো মুসল্লিরা মোটরসাইকেল মসজিদে যান। কিন্তু নামাজ শেষে তারা বেরিয়ে এসে দেখেন, পার্কিংয়ে রাখা মোটরসাইকেলগুলো নেই। সন্ধানী স্কুলপাড়া জামে মসজিদ প্রাঙ্গণ থেকে দুটি এবং উত্তরপাড়া জামে মসজিদ থেকে আরও দুটি মোটরসাইকেল চুরি হয় বলে জানা গেছে।

এ ঘটনায় ভুক্তভোগী ও স্থানীয়দের মাঝে চরম ক্ষোভ ও উদ্বেগ বিরাজ করছে। তারা অভিযোগ করেন, ধর্মীয় স্থানে এমন চুরির ঘটনা অত্যন্ত নিন্দনীয় এবং এটি নিরাপত্তা ব্যবস্থার বড় ধরনের দুর্বলতার ইঙ্গিত দেয়।

এ বিষয়ে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, “ঘটনার খবর পাওয়ার পরপরই পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। ইতোমধ্যে তদন্ত শুরু হয়েছে এবং চুরি যাওয়া মোটরসাইকেলগুলো উদ্ধারের জন্য বিভিন্ন জায়গায় তৎপরতা চালানো হচ্ছে।”
ঘটনার পর স্থানীয়রা মসজিদে ও আশপাশের এলাকায় নিরাপত্তা জোরদারের দাবি জানিয়েছেন। পাশাপাশি, সিসিটিভি ক্যামেরা স্থাপন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর টহল বাড়ানোর আহ্বান জানান তারা।

এ ঘটনায় থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

গাংনীতে ডেন্টাল চিকিৎসক সনদ না থাকায় জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলা শহরে অভিযান চালিয়ে ডেন্টাল চিকিৎসক সনদ না থাকায় স্কয়ার ডেন্টাল কেয়ার, অস্বাস্থ্যকর পরিবেশের কারণে সামাদ হোটেল ও সোবহান হোটেলের কাছে থেকে ১০ হাজার টাকা করে ৩০ হাজার টাকা জরিমানা আদায় করেছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ সোমবার দুপুরে এ অভিযান পরিচালনা করেন অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান।

তিনি জানান, স্কয়ার ডেন্টাল কেয়ারে চিকিৎসকের বৈধ সনদ না থাকা ও মেয়াদোত্তীর্ণ ওষুধ ব্যবহার করার অভিযোগে প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী রিয়াজ মাহমুদকে ১০ হাজার টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাবার পরিবেশনের দায়ে সামাদ হোটেলের মালিক আব্দুস সামাদ এবং সোবহান হোটেলের মালিক আব্দুস সোবহানকে ১০ হাজার টাকা করে জরিমানা করা হয়।

অভিযান চলাকালে জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, কৃষি বিপণন কর্মকর্তা তরিকুল ইসলাম, গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান এবং জেলা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

গাংনীতে আন্তর্জাতিক নার্স দিবস পালিত

“আমাদের নার্স, আমাদের ভবিষ্যৎ; নার্সিং পেশার উন্নতি অর্থনৈতিক সমৃদ্ধি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনীতে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত হয়েছে।

সোমবার (১২ মে) সকালে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার একই স্থানে গিয়ে শেষ হয়। এরপর স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সুপ্রভা রানীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন আরএমও মাসুদর রহমান, নার্সিং সুপারভাইজার নুরুন্নাহার খাতুন, আমেনা খাতুন, ওয়ার্ড ইনচার্জ শাকিলা আক্তার এবং আম্বিয়া খাতুন। অনুষ্ঠানে নার্সিং কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে অস্ত্র, বোমা ও গাঁজা উদ্ধার, ডাকাতদের পলায়ন

মেহেরপুরের গাংনী উপজেলার চোখতোলা মাঠে অভিযান চালিয়ে ১টি পিস্তল, ৫টি ককটেল বোমা ও ৪০ গ্রাম গাঁজা উদ্ধার করেছে সেনাবাহিনী।

রবিবার রাত সাড়ে ৯টার দিকে মেহেরপুর সেনা ক্যাম্পের মেজর ফারহান এবং লেফটেন্যান্ট মিনহাজের নেতৃত্বে একটি দল অভিযান পরিচালনা করে।

সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে সেনা ক্যাম্প জানতে পারে, গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের চোখতলা মাঠে ডাকাতির উদ্দেশ্যে ককটেল বোমা প্রস্তুত করছিল একদল

দুষ্কৃতীকারী। এমন সংবাদের পেয়ে সেনাবাহিনীর অভিযানিক দলটি সেখানে অভিযান চালায়। অভিযান দলের উপস্থিতি টের পেয়ে দুষ্কৃতিকারীরা ২টি মোটরসাইকেলে পালিয়ে যায়। পরে ওই এলাকায় তল্লাশি করে ১টি পিস্তল, ৫টি ককটেল বোমা এবং ৪০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

সেনা ক্যাম্প থেকে জানানো হয়, দুষ্কৃতিকারীরা ওই স্থানে ডাকাতি ও ছিনতাই করার উদ্দেশ্যে প্রস্তুতি নিচ্ছিল। উদ্ধারকৃত পিস্তল, বিস্ফোরক ও গাঁজা আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য গাংনী থানায় হস্তান্তর করা হয়।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল শিশু তাছনিয়ার

নানার দোকানের হালখাতার মিষ্টি নিয়ে দৌঁড়ে রাস্তা পার হতে গিয়ে সড়কে প্রাণ হারালো তাছনিয়া খাতুন নামের আড়াই বছর বয়সী এক শিশু। দ্রুতগতির স্টিয়ারিংচালিত একটি গাড়ি তাকে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।
নিহত তাছনিয়া খাতুন মেহেরপুরের গাংনী উপজেলার সীমান্তবর্তী কাজীপুর গ্রামের প্রবাসী জয়নাল আবেদীনের মেয়ে।
আজ শনিবার (১০ মে) সকাল ১১টার দিকে কাজীপুর গ্রামে এই দুর্ঘটনা ঘটে।
স্থানীয়দের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বিষয়টি নিশ্চিত করেছেন।
তিনি জানান, তাছনিয়া তার নানার দোকানে হালখাতার মিষ্টি নিয়ে দৌঁড়ে রাস্তা পার হচ্ছিল। এ সময় একটি ইঞ্জিনচালিত স্টিয়ারিং গাড়ি তাকে চাপা দিলে সে ঘটনাস্থলেই মারা যায়।
ওসি আরও জানান, খবর পেয়ে পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছেছে।

গাংনীতে জামায়াতের রুকন বৈঠক

যুদ্ধাপরাধের মামলার রায় প্রসঙ্গে মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দীন খান বলেছেন, “যারা মিথ্যা মামলা ও তথ্য উপস্থাপন করে বিচারের নামে প্রহসনের মাধ্যমে জামায়াতে ইসলামীর শীর্ষ নেতৃবৃন্দকে ফাঁসি দিয়েছে সেইসব বিচারকদেরও বিচারের মুখোমুখি করা হবে। এটিএম আজাহারকে মুক্ত করেই প্রমাণ করা হবে জামায়াতে ইসলামীর শীর্ষ নেতৃবৃন্দকে প্রহসনের ট্রাইব্যুনাল গঠন করে মিথ্যা মামলা দিয়ে হত্যা করা হয়েছে। এটা যে তাদের ভূঁয়া মামলা ছিল প্রমাণ করেই জামায়াত ইসলামীর নেতাকর্মীদের মুক্ত করা হবে। গাংনী উপজেলা জামায়াতে ইসলামী আয়োজিত গাংনী উপজেলা শাখার সদস্যদের (রুকন) শিক্ষা বৈঠক ২০২৫ এ প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে তিনি এসব কথা বলেন।
আজ শুক্রবার সকালে ৭ টার সময় গাংনীর দারুল ইয়াতিমখানার হলরুমে এই শিক্ষা বৈঠকের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।
জামায়াতে ইসলামীর গাংনী উপজেলা শাখার আমীর মো: রবিউল ইসলাম শিক্ষা বৈঠকে সভাপতিত্ব করেন।
প্রধান অতিথির বক্তব্য মাওলানা তাজ উদ্দীন খান আরও বলেন, জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নেতা আর অন্যদলের কেন্দ্রীয় নেতাদের মামলা ও বিচারের রায় এক নয়। অন্যান্য দলের নেতাদের নামে দায়ের করা মামলাগুলো ছিল সিভিল কোর্টের। আর জামায়াতে ইসলামীর নেতাদের মামলাগুলো ট্রাইব্যুনালের। সিভিল কোর্টের মামলা যখন, তখন অ্যাপিল ও শেষ করে দেওয়া যায়। আর ট্রাইব্যুনালে যে পথ দিয়ে মামলা করতে হয় সেই পথ দিয়েই এর বিচার ও রায় পাওয়া যায়। সাম্প্রতিক সময়ে হিন্দু ধর্মের কিছু নেতাদের জামায়াতে ইসলামীর কর্মসূচিতে যোগদান নিয়ে বির্তকিত ও সমালোচনারও জবাব দেন জামায়াতের এই নেতা।
তিনি বলেন, হিন্দু ধর্মের লোকজনকে যখন ডাকবো, তখন হিন্দু ধর্মের বিভিন্ন স্তুরে যেসব নেতাকর্মী আছেন তাদেরই তো ডাকতে হবে। সেক্ষেত্রে ঢাকেস্বরী মন্দিরের সাধারণ সম্পাদককেই ডাকতে হবে। সেই নেতা যদি র’ এর লোক হয়, তাকে রাস্ট্র দেখবে। গোয়েন্দা বিভাগ, সেনাবাহিনী, বিজিবি বা আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা দেখবে। সে আছে কিভাবে এই দেশে প্রশ্ন করেন তিনি? তিনি বলেন, হিন্দু ধর্মের ওই নেতা আমাদের প্রোগ্রামে একদিন মাত্র বক্তব্য দিয়েছে। সে কারণে একদিনেই জামায়াতে ইসলামী ভারতপ্রেমী হয়ে গেলো?
প্রতিবেশী পাল্টানো যায়না উল্লেখ করেতাজ উদ্দীন খান বলেন,

ভারতের ব্যাপারে জামায়াতে ইসলামীর সুস্পষ্ট বক্তব্য, তাদের সাথে জামায়াত বন্ধুত্ব চাই, তবে, সেটা হতে হতে হবে সমতা এবং ন্যায্যতার ভিত্তিতে।
আগামী জাতীয় সংসদ নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থীরা মাঠে ময়দানে কাজ করছেন। নির্বাচনকে সামনে নিয়ে জামায়াতের নেতাকর্মীদের ভোটের মাঠে নিবিড়ভাবে কাজ করতে হবে। ঠিকমত কাজ করতে না পারলে হাত মিলানো পর্যন্তই থাকবে। ফলাফল বাড়ি আসবেনা।
তিনি বলেন, ভোটের হিসাব করলে জামায়াত এখনো অনেক পেছনে আছে। তাই এখনি মানুষজনকে সহযোগী ফরম পূরণ করে নিতে হবে। পরিবেশ, পরিস্থিতি আবহাওয়া এখন জামায়াতের পক্ষে রয়েছে উল্লেখ করে তিনি বলেন, সুযোগকে কাজে লাগাতে নেতাকর্মীদের এখন থেকেই সাধারণ মানুষের দোরগোড়ায় পৌছাতে হবে। হাত গুটিয়ে বসে থাকার সময় আর নেই। শতভাগ কাজে লাগিয়ে নির্বাচনী মাঠকে সামনের দিকে এগিয়ে নিতে হবে।
গাংনী উপজেলা জামায়াতের সেক্রেটারী মাওলানা জাহাঙ্গীর আলমের সঞ্চালনায় অনুষ্ঠিত শিক্ষা বৈঠকে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারী মো: ইকবাল হোসাইন, জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলম, সূরা সদস্য মাওলানা আব্দুল মজিদ, মেহেরপুর-২ আসনের জামায়াত মনোনীত এমপি প্রার্থী জেলা জামায়াতের সূরা সদস্য নাজমুল হুদা, গাংনী পৌর জামায়াতে ইসলামীর আমীর আহসানুল হক, গাংনী উপজেলা জামায়াতের কর্মপরিষদ সদস্য মাওলানা আব্দুল হালিম প্রমুখ।
শিক্ষা বৈঠকে, ইসলামী আন্দোলনের সাফল্যের শর্তাবলি, রুকুনিয়াতের মান, ইকামতে দ্বীনের গুরুত্ব ও সামনের জাতীয় সংসদ সদস্য নিয়ে প্রশিক্ষণের পাশাপাশি আলোচনা করা হয়। সকাল ৭ টার সময় শিক্ষা বৈঠক শুরু হয়ে বাদ জুম্মা পর্যন্ত চলবে। প্রশিক্ষণ বৈঠকে গাংনী উপজেলা জামায়াতের রুকন সদস্যরা অংশ নেন।

গাংনীতে পুকুরে ডুবে শিশুর

মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার শিমুলতলা গ্রামে বাড়ির পাশের পুকুরে ডুবে হুজাইফা (৬) নামের এক শিশু মারা গেছে।
হুজাইফা শিমুলতলা গ্রামের কৃষক তুহিন আলীর ছেলে।
আজ শুক্রবার ০৯ মে) দুপরের দিকে বাড়ির পাশে নিজ পুকুর থেকে হুজাইফার মরদেহ উদ্ধার করা হয়।
স্থানীয়রা জানান, শিশুটি বাড়ি থেকে বে হয়ে পুকুরের পাশে পাখি ধরতে যায়। এসময় অসাবধানতাবসত পা পিছলে গভীর পানিতে তলিয়ে যায়। পরে তার মরদেহ পুকুরে ভাসতে দেখে পরিবারের লোকজন উদ্ধার করেন। গাংনী থানার ওসি বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, কোনো অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।
এদিকে, একমাত্র সন্তান হারিয়ে পিতা তুহিন আলী ও মা লাবণী খাতুন পাগল প্রায়।

গাংনীর গাঁড়াবাড়িয়াতে চাচাশ্বশুরকে হত্যাকারী সবুজের ফাঁসির দাবীতে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে চাচাশ্বশুর ইলিয়াস হোসেনকে হত্যাকারী জামাই সবুজ আহমেদের ফাঁসির দাবীতে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে গ্রামবাসি।

আজ শুক্রবার (০৯ মে) বিকালে কাথুলি- মেহেরপুর সড়কের গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামে এই মানববন্ধন করেন তারা।

কাথুলি ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক ইউপি ফেরদৌস ওয়াহেদ বেল্টুর নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য দেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ হাফিজুল ইসলাম, স্থানীয় ব্যবসায়ী আলহাজ্ব শওকত হোসেন, কামরুল ইসলাম, আব্দুল জাব্বার, মাওলানা জাবের আলী, আব্দুল কুদ্দুস, স্কুল শিক্ষক আক্তারুজ্জামান লাভলু, রহিদুল ইসলাম প্রমুখ।

মানববন্ধনে এলাকার নারী, পুরুষ, শিশুসহ শতাধিক মানুষ অংশ নেন। মানববন্ধন থেকে তারা খুনি সবুজের ফাঁসির দাবি করেন।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার (০৮ মে) ভোরে ভাইয়ের জামাই সবুজ হোসেনের উপূর্যপুরি ছুরিকাঘাতে চাচাশ্শুর ইলিয়াস হোসেন নিহত হন। এসময় গ্রামবাসি সবুজ হোসেনকে আটক করে গণধোলাইকালে সেনবাহিনী ও পুলিশ তাকে উদ্ধার করে থানায় নেন।
এঘটনায় ইলিয়াস হোসেনের ভাই বাদি হয়ে গতকাল বৃহস্পতিবার সবুজ, তার পিতা আওয়ামী লীগ নেতা ময়নাল হক ও মা সুখিয়ারা খাতুনের নামে হত্যা মামলা দায়ের করেন।